গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের কার্যালয়
বন অধিদপ্তর
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
**Website: www.bforest.gov.bd**

স্মারক নং- ২২.০১.০০০০.০০৭.০৫.৩৯৪.২০.৯৮ তারিখ ঃ ১৩/০১/২০২০ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নে বর্ণিত রাজস্ব খাতভূক্ত শূণ্য পদসমূহে সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সরকারি নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান | ২১(একুশ) টি | ১১,৩০০-২৭,৩০০/- (গ্রেড-১২) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) দ্বিতীয় শ্রেণির ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সনদ থাকিতে হইবে। |
| ২। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ০২(দুই) টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে।<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দের গতি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি থাকিতে হইবে। |
| ৩। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১১(এগার) টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি হইতে হইবে।<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি থাকিতে হইবে। |
| ৪। | উচ্চমান সহকারী | ০৩(তিন)টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে। |
| ৫। | বেতারযন্ত্র চালক/ওয়ারলেস অপারেটর | ০৯(নয়) টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>অথবা<br>প্রতিরক্ষা বাহিনীর সিগন্যাল কোরের অবসরপ্রাপ্ত সদস্য হইতে হইবে। |
| ৬। | জেনারেটর-কাম-ইলেকট্রিশিয়ান | ০৩(তিন) টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭। | ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমাধারী) | ০২ (দুই) টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং<br>(খ) ড্রাফটসম্যান ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে। |
| ৮। | সারেং | ১৫ (পঁনের) টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) দ্বিতীয় শ্রেণির মাস্টার যোগ্যতা সনদ থাকিতে হইবে। |
| ৯। | অডিও ভিজুয়াল ইক্যুইপমেন্ট অপারেটর | ০১(এক) টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) অডিওভিজুয়াল বা সমমানের ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০। | সার্ভেয়ার | ০৪ (চার) টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | কোন স্বীকৃত বোর্ড হইতে সার্ভে ডিপ্লোমা পাশ হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১১। | টার্নার | ০২ (দুই) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১২। | ফিটার | ০১(এক) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩। | ইলেকট্রিক জেনারেটর ড্রাইভার | ০২ (দুই) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪। | কর্মকার | ০২ (দুই) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(গ) কামার সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ১৫। | কার্পেন্টার | ০২ (দুই) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬। | গাড়ী চালক | ৩১(একত্রিশ) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে;<br>(গ) হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী হইতে হইবে। |
| ১৭। | স্পীড বোট ড্রাইভার | ২৩(তেইশ) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) স্পীড বোট ড্রাইভার হিসেবে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) স্পীড বোট অপারেটর সনদধারী হইতে হইবে। |
| ১৮। | ট্রাক হেলপার | ০১(এক) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৯। | লাইব্রেরী অ্যাসিস্ট্যান্ট | ০১(এক) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২০। | পাম্প মেশিন অপারেটর | ০৯(নয়) টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১। ০১/০১/২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হইতে হইবে এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। উপরোক্ত ছকের ক্রমিক নং ০৫-এ বর্ণিত বেতারযন্ত্র চালক/ওয়ারলেস অপারেটর পদের জন্য প্রতিরক্ষা বাহিনীর সিগন্যাল কোরের অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২। উপরোক্ত ছকের ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত (ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান এবং সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর) পদের জন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। অন্যান্য পদসমূহের জন্য টাংগাইল, কুমিল্লা, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নড়াইল, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।

৩। কোন সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৪। সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হইবে। প্রার্থীদেরকে এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, শারীরিক, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রার্থীদেরকে তাহাদের বর্তমান ঠিকানায়/বন অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

৫। উপরোক্ত ছকের ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯, ১০ ও ১৯-এ বর্ণিত পদের প্রার্থীদের বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফশীল ২ অনুযায়ী এবং ক্রমিক নং ৮, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮ ও ২০-এ বর্ণিত পদের প্রার্থীদের তফশীল ৩ অনুযায়ী গৃহিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

৬। উপরোক্ত ছকের ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত (ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান এবং সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর) পদে সরকারি পরিপত্র মোতাবেক মেধার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইবে এবং অন্যান্য পদের ক্ষেত্রে সরকারী নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্ষেত্রমতে যথাযথভাবে অনুসরন করা হইবে।

৭। আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কতৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্র।

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) কামার সম্প্রদায়ের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৮। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেওয়া হইবে না।

১১। প্রার্থীত পদের নাম ও নিজ জেলা খামের উপর অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

১২। নিয়োগের বিষয়ে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলিয়া বিবেচিত হইবে।

১২। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## দরখাস্ত দাখিলের নিয়মাবলী

১। সরকারি নির্ধারিত চাকুরির আবেদন ফরম (চাকরির আবেদন ফরম বন অধিদপ্তরের ওয়েব সাইট **www.bforest.gov.bd** এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট **www.mopa.gov.bd** হইতে ডাউনলোড করিয়া ব্যবহার করা যাইবে। ইহা ছাড়া বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকার সংস্থাপন ইউনিট হইতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাইবে) যথাযথভাবে পূরণ করত: আবেদন ফরম প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় ২০/০২/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত ডাকযোগে/সরাসরি অবশ্যই পৌঁছাইতে হইবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন ফরম গ্রহণ করা হইবে না।

২। চাকরির আবেদন ফরমের ক্রমিক নং ১ হতে ২১ পর্যন্ত সকল তথ্য উল্লেখ করিতে হইবে। অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। চাকরির আবেদন ফরমের সহিত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪(চার) কপি ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করিয়া) সংযুক্ত করিতে হইবে।

৪। সরকারি নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষরের স্থানে স্পষ্ট করিয়া মোটা কালিতে বলপেনে স্বাক্ষর করিতে হইবে।

৫। প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ সহকারী প্রধান বন সংরক্ষক, অর্থ, বাজেট ও সাধারণ নির্দেশনা ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা এর অনুকূলে ১০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কোড নং-৬/৪৫৩১/০০০০/৮৮৩১ খাতে ট্রেজারী/সাবট্রেজারী, বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমাকৃত ১০০ (একশত) টাকার ট্রেজারী চালান (অফেরৎযোগ্য) (মূল কপি) আবেদন ফরমের সহিত অবশ্যই দাখিল করিতে হইবে।

৬। প্রার্থীকে তাহার বর্তমান ঠিকানা লিখিত ৬/-(ছয়) টাকার ডাকটিকিটসহ ৪"×১০" সাইজের ১টি ফেরৎ খাম আবেদন ফরমের সহিত সংযুক্ত করিয়া দিতে হইবে।

(মোঃ মাহমুদুল হাসান)
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ও
সহকারী প্রধান বন সংরক্ষক, সংস্থাপন ইউনিট
বন ভবন, আগারগাঁও, ঢাকা।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হইলঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, ঢাকা।

৫। উপ-প্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং/পরিকল্পনা উইং/সামাজিক বন উইং/ শিক্ষা ও প্রশিক্ষণ উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

৬। সকল বন সংরক্ষক/পরিচালক..................................................

৭। সকল বিভাগীয় বন কর্মকর্তা/পরিচালক/উপ-বন সংরক্ষক, ..................................................................